

ইসলামী বিশ্ববিদ্যালয়

**শিক্ষক সমিতির নির্বাচনের
উপর আদালতের
নিষেধাজ্ঞা**

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদ-
পাতা ৥ গত মঙ্গলবার কুষ্টিয়ার সিনি-
য়র সহকারী জজ আদালত এক
নির্দেশে আগামী ৮ই ডিসেম্বর অনু-
ষ্ঠিতব্য শিক্ষক সমিতির নির্বাচনের
উপর অস্থায়ী নিষেধাজ্ঞা জারি
করিয়াছেন। নির্বাচন স্থগিত রাখার
আবেদন জানাইয়া গত সোমবার
বিশ্ববিদ্যালয়ের আওয়ামী লীগ
সমর্থক ও প্রগতিশীল শিক্ষকদের
সংগঠন শাপলা ফোরামের সাধারণ
সম্পাদক এ কে এম মনিরুজ্জামান
বাদী হইয়া মামলা দায়ের করিবেন
এই নিষেধাজ্ঞা আরোপ করা
হয়। আদালতের নির্দেশে শিক্ষক
সমিতির নির্বাচনের রিটানিং অফি-
সার আলীমুর রহমান এবং সহকারী
রিটানিং অফিসার যথাক্রমে গিয়াস-
উদ্দিন ও নজিবুল হককে ৮ই ডিসে-
ম্বরের নির্বাচন স্থগিতকরণ এবং
কোন উক্ত নির্বাচন স্থগিত করা
হইবে না, আগামী ১০ দিনের মধ্যে
আদালতের নিকট ইহার জবাব-
দানের জন্য নোটিশ প্রদান করা
হইয়াছে।

প্রসঙ্গতঃ গত ১৯ নভেম্বর শিক্ষক
সমিতির কার্যনির্বাহী পরিষদের
সিদ্ধান্ত মোতাবেক ৮ই ডিসেম্বর
নির্বাচনের তারিখ ঘোষণা করা
হয়। যার প্রেক্ষিতে ২১ নভেম্বর
রিটানিং অফিসার নির্বাচনী তফসীল
ঘোষণা করেন। ২২ নভেম্বর
শাপলা ফোরামের পক্ষ হইতে
ক্রাশ বন্ধ, শিক্ষকদের কর্মস্থল ত্যাগসহ
কতিপয় কারণ দেখাইয়া রিটানিং

অফিসার বরাবর উক্ত নির্বাচন স্থগিত
রাখার আবেদন জানানো হয়।
বিএনপি সমর্থক জিয়া পরিষদ এবং
জামায়াতপন্থী গ্রীন ফোরাম উক্ত
শাপলা ফোরামের দাবী শিক্ষক
সমিতির গঠনতন্ত্র ও বিশ্ববিদ্যালয়
আইনের পরিপন্থী বিষয় রিটানিং
অফিসারের নিকট পাল্টা আবেদনে
যথাসময়ে নির্বাচন অনুষ্ঠানের দাবী
জানায়। সমিতির গঠনতন্ত্র মোতাবেক
নির্বাচন স্থগিতের এখতিয়ার না
থাকায় রিটানিং অফিসার বিষয়টি
শিক্ষক সমিতির কার্যকরী পরিষদের
উপর অর্পণ করে। গত ২৫ নভেম্বর
সমিতির কার্যনির্বাহী সভায় গঠন-

তন্ত্রের মূল ধারা (কোন বন্ধ না থাকিলে
১৫ই ডিসেম্বরের মধ্যে নির্বাচন)
এবং বিভিন্ন পক্ষের বক্তব্য বিশ্লেষণ
করিয়া বর্তমানে অফিসসমূহ খোলা
রহিয়াছে বিষয় (শুধুমাত্র একাডেমিক
কার্যক্রম স্থগিত পূর্ব) ঘোষিত ৮ই
ডিসেম্বর নির্বাচনের তারিখ বহাল
রাখা হয়। এই সিদ্ধান্তের পর
'শাপলা ফোরাম' নির্বাচন বয়কট
করিয়া আদালতের আশ্রয় নেয়।

এদিকে শিক্ষক সমিতির গঠন-
তন্ত্র মোতাবেক নির্বাচন স্থগিত কর-
ণের কোন এখতিয়ার রিটানিং
অফিসারের না থাকায় কিভাবে
আদালতের উক্ত নির্দেশ পালন সম্ভব
তাহা নিয়া বড় রকমের জটিলতা
দেখা দিয়াছে।